


କଳାକୃତ

ଅକ୍ଟ ସଂସ୍କୃତ ୨୦୧୮



অ নু ষ্ট্ৰ প

সাহিত্য ও সংস্কৃতিবিষয়ক ত্রৈমাসিক পত্রিকা
বর্ষ ৪৮ ২য় সংখ্যা

সূ চি

প ত্রি কা র ক থা

স ম্পা দ কী য়

প্রেরণার উৎসে

‘দেখা ও না-দেখা’ পিট সিংগার : জয়ন্ত নাগ/১৭

সংস্কৃতি সমাচার

সালতামামি : পরিতোষ বিশ্বাস/৩১

বাঙালীর কর্তব্য : অনিমেষ চাকলাদার/৩৫

সোনার খোঁজে মানুষ : অথ উল্লাও উপাখ্যান : সুশীল সমাজপতি/৩৮

আলাপচারিতা : স্বামী স্বাহানন্দ : সাক্ষাৎকার গ্রহণে : জয়ন্ত নাগ/৪১

Lungi Dance : রানা সরকার/৪৯

গ্রন্থ-সমালোচনা

সুধীর কাক্বারের রবীন্দ্রনাথ : সন্দীপন সেন/৫১

নাট্য-সমালোচনা-১

রবীন্দ্রগল্পের উচ্চাকাঙ্ক্ষী নির্মাণ : অশোকনগর নাট্যমুখ-এর কন্যা তোর : অমর মিত্র/৫৭

নাট্য-সমালোচনা-২

রঙরূপ-এর নতুন প্রযোজনা ‘নীল রঙের ঘোড়া’ : দেবাশিস সেনগুপ্ত/৬০

প্রয়াণলেখ

আমি শ্রী শ্রী ভজহরি মান্না - মান্না দে প্রসঙ্গে : সুপ্রিয় রায়/৬৪

অন্য সূচিত্রা : সৌমিত্র দস্তিদার/৭৩

স্মরণলেখ

এ চাঁদ বেনোজলে ভাসেনি আজও... : অয়ন্তিকা ঘোষ/৭৭

দ্বিজেন্দ্রলাল ও তাঁর নাট্য ভাবনার সংকট : সুদেব ভট্টাচার্য/৮১

নাট্যকার ক্ষীরোদপ্রসাদ : সৌম্যেন্দু ঘোষ/৯২

প্রমথ চৌধুরীর প্রথম পুস্তক—সনেট পঞ্চাশৎ : জগন্ময় সেনগুপ্ত/৯৮

জন্মশতবর্ষে কান্তে কবি : অমিতশংকর দাস/১০২

স্মরণলেখ

এ চাঁদ বেনোজলে ভাসেনি আজও...

অয়ত্তিকা ঘোষ

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৮-১৮৯৪)—এই নামটা এখনও পর্যন্ত ততটা পুরোনো হয়নি; না, ১১৯ বছর আগে তাঁর প্রয়াণ ঘটলেও না, ১৭৫ বছর আগে তাঁর আবির্ভাবক্ষণ বলেও না, ২০১৩-র শিশুরা আজও তাঁকে চেনে কারণ মাতৃভাষা শেখানোর জন্য বাংলা পাঠক্রমে বঙ্কিমচন্দ্রের রচনাংশ এখন দেওয়া হয়, তাতে বেংলিশ বা হিংলিশ বলা বাঙালিরা তাঁর কঠিন সমাসবদ্ধ ভাষায় প্রথমেই ঠোঁকর খায়, কিছুটা ভুরু কঁচকে নাজেহাল হয়, তারপর তারাই আবার সমবেত কণ্ঠে বঙ্কিমের লেখা ‘বন্দেমাতরম’ গেয়ে আত্মশ্লাঘা অনুভব করে। বঙ্কিমেরই লেখা *আনন্দমঠ* উপন্যাসের চলচ্চিত্রায়ন দেখে স্বদেশি ভারতের জন্য সেই বাঙালিরা চোখের জল ফেলে আর দেবী চৌধুরানী-রূপী সুচিত্রা সেনের পা টিপে দিচ্ছে তার স্বামী—এমন দৃশ্য দেখে এ যুগের নারীরা আজও বলে ‘বাঃ, কেয়া বাত বঙ্কিম!’ কোনো কোনো মানসিক-বন্দিনী আজও ভাবে ‘আহা! আয়েষার মতো যদি বলতে পারতাম “এই বন্দী আমার প্রাণেশ্বর”!’ কোনো কোনো নবকুমার আজও বনচারিণী কংগালকুণ্ডলাদের নাগরিকতা দেবার জন্য মুখিয়ে থাকে...এভাবেই তো বঙ্কিমচন্দ্র আছেন, থেকে যান, জীবনে, সামাজিকতায়, এ যুগের রাজনৈতিক ব্যক্তিত্বদের প্রতীকী সরসতায় বিদ্ধ করার জন্য আজও ডাক পড়ে আফিমখোর কমলাকান্তের। এ যুগের অর্থনীতিতে এ প্রশ্ন এখনো তর্জনী উঁচিয়ে রাখে যে পণ্য কার, যার সৃষ্টি তার, যে বেচে তার, নাকি যে খরিদ করে তার? দুধ গাভীর, দোহনকারীর, বাছুরের, না কি শিশুর?

মিল, বেহুাম, কোঁৎ, জয়দেব, বাল্মীকি, ঈশ্বর গুপ্ত, কালিদাস—একনাগাড়ে যিনি কালানৌচিত্য দোষ রেখেই পাঠ করে যাচ্ছেন আর ঊনবিংশ থেকে একবিংশ শতকের

‘ত্রিপুরা ভারতের প্রতিবিম্ব’

ভারতের পরম সম্মানীয় রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জী



তথ্য ও সংস্কৃতি দপ্তর, ত্রিপুরা সরকার

অনিল আচার্য কর্তৃক ১৩০ কেশব চন্দ্র সেন স্ট্রিট, কলকাতা ৯ থেকে মুদ্রিত ও ২ই নবীন কুণ্ড লেন, কলকাতা ৯ থেকে প্রকাশিত। কার্যালয়: ২ই নবীন কুণ্ড লেন, কলকাতা ৯।

দাম : ৩৫০

সডাক : ৪০০